গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
গণযোগাযোগ অধিদপ্তর
জেলা তথ্য অফিস, লালমনিরহাট
www.info.lalmonirhat.gov.bd

# নাগরিক সেবার তালিকা

| ক্রমিক | সেবার বিবরণ |
|---|---|
| ১ | গণযোগাযোগ ও আন্তঃব্যক্তিক যোগাযোগের মাধ্যমে তৃণমূল পর্যায় পর্যন্ত জনগণকে সরকারের নীতি ও উন্নয়ন কার্যক্রম সম্পর্কে অবহিত, শিক্ষিত ও উদ্বুদ্ধ করা। |
| ২ | প্রামাণ্যচিত্র/চলচ্চিত্র প্রদর্শনের মাধ্যমে সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমের প্রচার এবং উন্নয়ন বার্তার ওপর নির্মিত পোস্টার, লিফলেট, সাময়িকী ও অন্যান্য প্রচারসামগ্রী বিতরণ করা। |
| ৩ | গণসংগীত, গণসংলাপ, পথনাটক, স্থিরচিত্র প্রদর্শনী, রচনা প্রতিযোগিতা, শিশুমেলা, মহিলা সমাবেশ, প্রেস ব্রিফিং, ক্ষুদ্র ও খন্ড-সমাবেশ, আলোচনা সভা, উঠান বৈঠক/উন্মুক্ত বৈঠক, নেতৃস্থানীয় ব্যক্তিবর্গের অংশগ্রহণে ওরিয়েন্টেশন কর্মশালা ও প্রশিক্ষণ, র‌্যালি প্রভৃতির মাধ্যমে জনগণকে সরকারের চলমান উন্নয়নমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ত এবং উদ্বুদ্ধকরণ। |
| ৪ | সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ ও জরুরি বিষয়ে (যেমন-দুর্যোগকালীন পরিস্থিতি ও সতর্কতা) সড়ক প্রচার। |
| ৫ | সিনেমাটোগ্রাফ অ্যাক্ট/চলচ্চিত্র সেন্সর অ্যাক্ট লঙ্ঘন প্রতিরোধে সিনেমা হল পরিদর্শন। |
| ৬ | ভিভিআইপি/ভিআইপিগণের অনুষ্ঠান, জাতীয়/আন্তর্জাতিক দিবস ও সম্মেলন এবং সরকারের বিভিন্ন জনগুরুত্বপূর্ণ অনুষ্ঠানে শব্দযন্ত্র স্থাপন। |
| ৭ | সরকারের ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে সরকারি নীতি ও কার্যক্রম সম্পর্কে জনপ্রতিক্রিয়া (Feedback/ Reaction) অবহিত করা। |
| ৮ | সন্ত্রাস, জঙ্গিবাদ, সামাজিক কূপমণ্ডুকতা ও কুসংস্কারের বিরুদ্ধে জনমত সৃষ্টির জন্য সর্বসাধারণকে উদ্বুদ্ধ করা। |
| ৯ | সরকারের উন্নয়নমূলক কার্যক্রমের ওপর নিয়মিত প্রেস ব্রিফিং এর আয়োজন এবং অধিক প্রচারের জন্য স্থানীয় সংবাদ মাধ্যমসহ বেতার, টেলিভিশন, পিআইডি (PID) ও বাসস (BSS)-এ প্রেস রিলিজ প্রেরণ করা। |
| ১০ | স্থানীয় গণমাধ্যমকর্মী এবং স্থানীয় প্রতিষ্ঠানের সাথে লিয়াজোঁ রক্ষা করা এবং তথ্য আদান-প্রদান করা। |
| ১১ | সর্বোপরি, আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে প্রচার কৌশলসমূহকে অধিকতর কার্যকরী ও সমৃদ্ধ করা। |